

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা



তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা  
[www.totthoapa.gov.bd](http://www.totthoapa.gov.bd)

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৯৪.১৯- ৩৪২৫

তারিখঃ ২৫ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ উঠান বৈঠক আয়োজন সংক্রান্ত নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয় প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” প্রকল্পটির আওতায় ৪৯০টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯০টি তথ্যকেন্দ্রের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, ব্যবসা, আইনি পরামর্শ এবং জেন্ডার বিষয়ে সুবিধাবঞ্চিত মহিলাদেরকে তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। বর্ণিত সেবাসমূহ প্রদানের ক্ষেত্রে প্রকল্পটির একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হচ্ছে উঠান বৈঠক, যার মাধ্যমে গ্রামীণ মহিলাদেরকে বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে সচেতন করা, সরকারি সেবাসমূহ প্রাপ্তিতে সহায়তা করা, বাল্যবিবাহ, ফতোয়া, নারী নির্যাতন সম্পর্কিত বিষয়ে মুক্ত আলোচনার মাধ্যমে সহায়তা প্রদান করা হয়।

০২। বর্তমানে কোভিড-১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ার ফলে গত ১১.০১.২০২২ খ্রি: তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ৭ম প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় ফেব্রুয়ারি ২০২২ মাস হতে ২৫ জন সেবাগ্রহীতা নিয়ে প্রতিমাসে ০৪ টি উঠান বৈঠক আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় উঠান বৈঠকের কার্যক্রম যথাযথ বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সম্পূর্ণকরণসহ উপজেলা পর্যায়ে প্রকল্পের নিয়মিত সেবা প্রদান কার্যক্রমের পাশাপাশি কোভিড-১৯ পরিস্থিতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ এবং কোভিড-১৯ ভ্যাক্সিন নিবন্ধন ও ভ্যাক্সিন গ্রহণের বিষয়ে মানুষকে উদ্বুদ্ধ করতে প্রচারণার উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে প্রতিটি তথ্যকেন্দ্রে প্রতি মাসে ২৫ জন সেবাগ্রহীতাকে অন্তর্ভুক্ত করে ০৪টি করে উঠান বৈঠকের আয়োজন করা ও প্রতিটি উঠান বৈঠকের ব্যানারে উল্লিখিত তারিখ ও সময়সম্বলিত ছবিসহ মোট ০২টি করে ছবি এমআইএস এর বেনিফিশিয়ারী মডিউলে আপলোড করা এবং উপজেলাধীন একই ইউনিয়ন/ওয়ার্ডে বার বার সভা না করে পর্যায়ক্রমে সকল ইউনিয়ন এবং ওয়ার্ডে সমভাবে উঠান বৈঠকের আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য যে, এক্ষেত্রে সংযুক্ত ব্যয় বিভাজন অনুসরণ করতে হবে এবং প্রয়োজনীয় বরাদ্দ অচিরেই প্রেরণ করা হবে।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ ফর্দ।

০৮/০২/২০২২  
(সাকিউন নাহার বেগম এনডিসি)  
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)  
জাতীয় মহিলা সংস্থা ও  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: ০২২২২২২২৩৪১  
ই-মেইল: ed@jms.gov.bd

তথ্যসেবা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবা কর্মকর্তা (সকল)  
তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)  
উপজেলা-----, জেলা-----।